36

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 22 MAR 1996
পৃষ্ঠা 7 কলাম 8

# এসএসসি পরীক্ষা দুই সপ্তাহ পিছাইয়া দিন

..............................শেখ হাসিনা

আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা গতকাল বৃহস্পতিবার এক বিবৃতিতে জাতীয় জীবনের বর্তমান অস্থিতিশীল অবস্থার প্রেক্ষিতে আসন্ন এস এস সি পরীক্ষা দুই

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

সপ্তাহ পিছাইয়া দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানাইয়াছেন। তিনি বলেন, এই সঙ্কটজনক পরিস্থিতিতে লক্ষ লক্ষ এস,এস-সি পরীক্ষার্থীর অভিভাবক, ছাত্র ও শিক্ষকদের সহিত আমিও গভীরভাবে উদ্বিগ্ন। এই পরীক্ষার সহিত আগামী দিনের বংশধরদের ভবিষ্যৎ জড়িত। এসএসসি পরী-ক্ষার মাধ্যমে আমাদের সন্তানেরা স্কুলের গণ্ডি পার হইয়া শিক্ষার বৃহত্তর অঙ্গনে প্রবেশ করে। আমাদের প্রিয় সন্তানেরা যাহাতে নিরাপদে ও নির্বিঘ্নে পরীক্ষায় অংশ নিতে পারে সেজন্য আমরা সর্বদা অত্যন্ত আন্তরিক। কিন্তু এই অবৈধ সরকার জনগণের দাবী না মানিয়া দেশকে সংঘাত, সংঘর্ষ ও ধ্বংসের দিকে ঠেলিয়া দিয়াছে। দেশে বিরাজমান অস্বাভাবিক অব-স্থার প্রেক্ষিতে এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হওয়ার ব্যাপারে সংশয় দেখা দিয়াছে।